ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৪৫৯৬
আগরতলা, ৫ জানুয়ারি,২০২৬

## ৪৪-তম আগরতলা বইমেলা
## তৃতীয় দিনে ১৯,৯৭,৫৬১ টাকার বই বিক্রি

হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে আয়োজিত ৪৪-তম আগরতলা বইমেলার আজ ছিল চতুর্থ দিন। এবছর বইমেলার মূল থিম হলো, 'বন্দে মাতরম'। গতকাল তৃতীয় দিনে বইমেলায় মোট ১৯ লক্ষ ৯৭ হাজার ৫৬১ টাকার বই বিক্রি হয়। আজ বইমেলার কবি সম্মেলন ও বই প্রকাশ মঞ্চে মোট ৮০ জন কবি বাংলা ভাষায় স্বরচিত কবিতা পাঠ করেন। সঞ্চালনা করেন কবি সৌরপ্রতিম শর্মা। এরপর এই মঞ্চে আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। আলোচনাচক্রের বিষয় জন্ম শতবর্ষে এম এস স্বামীনাথন। 'কৃষিক্ষেত্রে আত্মনির্ভরতার পথিকৃত'। এ বিষয়ে আলোচনা করেন লেম্বুছড়াস্থিত কৃষি মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ড. দেবাশীষ সেন, ড. ত্রিদিব ভট্টাচার্য, ড. ডি পি আওয়াস্থি এবং ড. দীপক সিনহা। এরপর এই মঞ্চে বিশ্ববিদ্যালয়স্তরের ছাত্রছাত্রীগণ বিতর্ক প্রতিযোগিতায় অংশ নেয়। বিচারকদের দায়িত্ব পালন করেন দেবাশীষ নাথ, দীপক রুদ্র পাল ও সিদ্ধার্থ শংকর চৌধুরী। এছাড়া এই মঞ্চে জ্ঞান বীক্ষণ প্রকাশনী সংস্থা থেকে অতিথিগণ ৩৩টি বাংলাবই প্রকাশিত হয়। উপস্থিত ছিলেন প্রকাশক প্রীতম ভট্টাচার্য। এছাড়া 'প্রকাশ পর্ণা' প্রকাশনী সংস্থার প্রকাশক অপর্ণা গাঙ্গুলীর ১টি বাংলা কাব্যগ্রন্থ আজ প্রকাশ করা হয়। এদিকে আজ মাতঙ্গিনী হাজরা স্মৃতি মঞ্চে সিপাহীজলা জেলার শিল্পীগণ শাস্ত্রীয় সংগীত, সমবেত সংগীত ও একক সংগীত পরিবেশন করেন। জনজাতি শিল্পীগণ গড়িয়া নৃত্য পরিবেশন করেন। বাঁশিবাদনে অংশ নেন শিল্পী নেলসন দেববর্মা। সঞ্চালনা করেন শিল্পী সপ্তদ্বীপ ঘোষ বণিক।

*****